

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়
প্রশাসন-৪ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moi.gov.bd

নং-১৫.০০.০০০০.০১৮.২৫.০০১.১৪-২১০

তারিখঃ ২২ বৈশাখ ১৪২৩
৫ মে ২০১৬

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (তথ্য)
সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ আগামী ২১-২৬ মে ২০১৬ তারিখ পর্যন্ত কোরিয়ায় অনুষ্ঠিতব্য Pre-Summit Workshop এবং Asia Media Summit-এ অংশগ্রহণের ভ্রমণাদেশ।

নির্দেশিত হয়ে আগামী ২১-২৬ মে ২০১৬ তারিখ পর্যন্ত কোরিয়ায় অনুষ্ঠিতব্য Pre-Summit Workshop এবং Asia Media Summit-এ অংশগ্রহণের জন্য বাংলাদেশ টেলিভিশনের প্রযোজক (বার্তা) (গ্রেড-২) জনাব এ এইচ এম ইয়াসিন এর অনুকূলে (ভ্রমণ সময় ব্যতীত) সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি।

২। ভ্রমণের শর্তাবলি নিম্নরূপ :

- (ক) এ ভ্রমণের সময়ে তিনি কর্তব্যরত রয়েছেন এবং সরকারি ভ্রমণ বলে গণ্য হবে।
- (খ) তিনি দেশীয় মুদ্রায় বেতন-ভাতাদি প্রাপ্য হবেন। বেতন-ভাতাদির কোন অংশই বৈদেশিক মুদ্রায় পাবেন না।
- (গ) অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় তিনি বিদেশে অবস্থান করতে পারবেন না।
- (ঘ) তিনি উক্ত প্রোগ্রামে অংশগ্রহণের দৈনিক ভাতা, ট্রানজিট ভাতা ও টার্মিনাল চার্জ বাবদ সর্বমোট ৬২,২৯৮/- (ষাষটি হাজার দুইশত আটানব্বই) টাকা প্রাপ্য হবেন। এ ব্যয় বাংলাদেশ টেলিভিশনের ২০১৫-২০১৬ অর্থ বছরের সংশ্লিষ্ট খাত হতে নির্বাহ করা হবে।
- (ঙ) তিনি ভ্রমণ শেষে দেশে ফিরে ৭ (সাত) দিনের মধ্যে যথাযথভাবে অংশগ্রহণের বিষয়ে প্রতিবেদন দাখিল করবেন।
- (চ) বিদেশ হতে প্রত্যাবর্তনের পর তিনি লব্ধ অভিজ্ঞতা সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিত করবেন।

স্বাক্ষরিত/-

(মোঃ লাইসুর রহমান)

উপ-সচিব

ফোনঃ ৯৫৬৭১০১


admin4@moi.gov.bd

নং-১৫.০০.০০০০.০১৮.২৫.০০১.১৪-২১০/১(৯)

তারিখঃ ২২ বৈশাখ ১৪২৩
৫ মে ২০১৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (প্রয়োজনীয় নোট ভারবাল ইস্যুর অনুরোধসহ)।
- ২। মান্যবর রাষ্ট্রদূত, দক্ষিণ কোরিয়া দূতাবাস, বাংলাদেশ, ঢাকা।
- ৩। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
- ৪। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
- ৫। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৮। সিস্টেম এনালিস্ট, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৯। জনাব এ এইচ এম ইয়াসিন, প্রযোজক (বার্তা) (গ্রেড-২), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।


(মোঃ লাইসুর রহমান)
উপ-সচিব